

নান্দাইলে ১৮ শিক্ষার্থী সব বিষয়ে এ প্লাস পেলেও রসায়নে শূন্য

স্টাফ রিপোর্টার, ময়মনসিংহ ॥ এসএসসি পরীক্ষার ফলাফলে নান্দাইল পাইলট সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের ১৮ মেধাবী পরীক্ষার্থীর ফল বিপর্যয় নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন শিক্ষার্থীদের অভিভাবক। এসব পরীক্ষার্থী সব বিষয়ে এ প্লাস পেলেও কেবল রসায়নে পেয়েছে শূন্য! স্থানীয় সূত্র জানায়, গত এসএসসি পরীক্ষায় নান্দাইল পাইলট সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের পরীক্ষার্থীদের কেন্দ্র ছিল নান্দাইল চণ্ডীপাশা উচ্চ বিদ্যালয়।

বিজ্ঞান বিভাগ থেকে পাইলট উচ্চ বিদ্যালয়ের ৮৩ পরীক্ষার্থী অংশ নেয়। অভিযোগ, রসায়ন পরীক্ষায় অন্যান্য কেন্দ্রে ক সেটে পরীক্ষা নেয়া হলেও চণ্ডীপাশা উচ্চ বিদ্যালয় কেন্দ্রের পরীক্ষার্থীদের দেয়া হয় থ সেট। এ নিয়ে ওই সময় ক্ষুব্ধ পরীক্ষার্থী ও এলাকাবাসী হামলাসহ ভ্রাতৃকর করে চণ্ডীপাশা উচ্চ বিদ্যালয়ে। পরে বিষয়টির সঠিক সমাধানের আশ্বাসে পরিস্থিতি শান্ত হয়। কিন্তু ফল প্রকাশের পর দেখা যায়, পাইলট উচ্চ বিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের ৮৩ পরীক্ষার্থীর মধ্যে রসায়নে ফেল করেছে ১৮ জন শিক্ষার্থী। ফেল করা এসব পরীক্ষার্থীর প্রায় সবাই অন্যান্য বিষয়ে এ প্লাস পেয়েছে। শিক্ষার্থী তানজিমা সুলতানা শিখার অভিভাবক নজরুল ইসলাম জানান, অনেক শিক্ষার্থীর মতো তার মেয়ে অন্য সব বিষয়ে এ প্লাস পেলেও রসায়নে ফেল করেছে। নান্দাইল পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল খালেক জানান, রসায়নে ফেল ১৮ শিক্ষার্থীর সবাই মেধাবী ও অন্যান্য বিষয়ে ভাল করেছে। উত্তরপত্র পুনঃপরীক্ষা করলেই প্রকৃত ফল পাওয়া যাবে বলেও জানান তিনি।